# Joint Press Release of the 4th India-Singapore Joint Working Group Meeting on Combating Terrorism and Transnational Crime

May 21, 2022

---

# সন্ত্রাসবাদ এবং আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধে চতুর্থ ভারত-সিঙ্গাপুর জয়েন্ট ওয়ার্কিং কমিটির বৈঠকের যৌথ প্রেস বিবৃতি

মে 21.2022

ভারত এবং সিঙ্গাপুরের মধ্যে সন্ত্রাসবাদ এবং আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধে চতুর্থ জয়েন্ট ওয়ার্কিং কমিটি(জেডলুজি)র বৈঠক 18 এবং 19শে মে 2022 তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকটিতে যৌথভাবে পৌরোহিত্য করেন ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সন্ত্রাস প্রতিরোধ-এর যুগ্ম সচিব শ্রী মহাবীর সিংভি এবং সিঙ্গাপুরের গৃহ মন্ত্রণালয়ের ডেপুটি সেক্রেটারি (পলিসি) মিস্টার পুয়া কক কেয়ং।

কৌশলগত অংশীদার হিসেবে ভারত ও সিঙ্গাপুর সীমান্ত বরাবর সন্ত্রাসবাদ সহ সকল রকমের সন্ত্রাসের তীব্র নিন্দা করেছে এবং ব্যাপকভাবে সন্ত্রাস প্রতিরোধে আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছে।

জেডব্লুজি জোরের সাথে এও বলেছে যে, সকল দেশকে অবশ্যই এটা নিশ্চিত করার জন্য অবিলম্বে এবং টেঁকসই ব্যবস্থা নিতে হবে যে, তাদের নিয়ন্ত্রিত ভূখন্ডের কোনো অংশ অন্য দেশের উপরে আক্রমণ করার জন্য সন্ত্রাসবাদী আক্রমণের জন্য ব্যবহৃত হবেনা এবং এই ধরনের আক্রমণকারী অপরাধীদের দ্রুততার সাথে বিচারের আওতায় আনার প্রয়োজনীয়তার জন্য সম্মত হয়েছে।

জেডব্লুজি সীমান্ত বরাবর সন্ত্রাসবাদীদের আনাগোনা, মৌলবাদের মোকাবিলা করা, সন্ত্রাসবাদে অর্থ সাহায্য করা এবং সন্ত্রাসীদের ইন্টারনেট ব্যবহারের মোকাবিলা করা সহ সমসাময়িক সন্ত্রাস-প্রতিরোধের চ্যালেঞ্জগুলি নিয়ে আলোচনা করেছে। জেডব্লুজি জাতীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক সন্ত্রাস হুমকির মূল্যায়ন, সাইবার অপরাধ এবং আন্তর্জাতিক সংগঠিত অপরাধ ও সন্ত্রাসের মধ্যে সম্পর্ক নিয়েও মত বিনিময় করেছে। এই সকল চ্যালেঞ্জগুলির মোকাবিলায় সিঙ্গাপুর ও ভারতের মধ্যে সহযোগিতাকে শক্তিশালী করার জন্য সম্মতি ব্যক্ত হয়েছে। জেডব্লুজি রাষ্ট্রসঙ্ঘ, আসিয়ান এবং এফএটিএফ-এর মত বহুপাক্ষিক ফোরামে সহযোগিতাকে গভীর করার উপরেও মত বিনিময় করেছে।

সন্ত্রাসবাদ ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধে ভারত ও সিঙ্গাপুর তাদের নিজ নিজ সংস্থার মধ্যে বিশেষত তথ্য বিনিময় এবং তার সর্বোত্তম অনুশীলনের ক্ষেত্রে, আইন প্রয়োগ এবং সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে আরও সহযোগিতা এবং সাহায্য বৃদ্ধি করতে অঙ্গীকারবদ্ধ।

**সিঙ্গাপুর**
**মে 21, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.